



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: 8 জুন ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালার বাবুছড়ায় বিজিবির ভূমি অধিগ্রহণ:

## হাইকোর্টে আদালত অবমাননার মামলা দায়ের

হাইকোর্টের জারি করা রুল অমান্য করে দীঘিনালার বাবুছড়া এলাকায় বিজিবির ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ করায় হাইকোর্টে আদালত অবমাননার মামলা করা হয়েছে।

ক্ষতিগ্রস্ত ভূমি মালিক রঞ্জন মালা চাকমা ও নতুন চন্দ্র চাকমা বাদি হয়ে গতকাল মঙ্গলবার হাইকোর্টে তিন জনের বিরুদ্ধে এ মামলা দায়ের করেন। মামলায় বিবাদীরা হলেন খাগড়াছড়ি জেলা প্রশাসক, দীঘিনালা উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং বিজিবির খাগড়াছড়ি সেক্টর কমান্ডার।

উল্লেখ্য, ২০০৫ সালে দীঘিনালা উপজেলার দীঘিনালা মৌজায় যত্ন মোহন কার্বারী পাড়ায় বিজিবির ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপনের জন্য জমি অধিগ্রহণের নোটিশ জারি করা হলে ভূমি মালিকগণ তার বিরুদ্ধে হাইকোর্টে রিট আবেদন পেশ করেন, যার মামলা নং ৩৪৫৫/২০০৫।

উক্ত রিট আবেদন আমলে নিয়ে মহামান্য আদালত ১৯ মে ২০০৫ বিজিবির (তখন বিডিআর) ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপনের উদ্দেশ্যে জমি অধিগ্রহণের জন্য জারিকৃত নোটিশ কেন অবৈধ ঘোষণা করা হবে না, এই মর্মে রুল জারি করেন এবং উক্ত রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অধিগ্রহণ নোটিশের কার্যকারীতা স্থগিতের নির্দেশ দেন।

কিন্তু উক্ত রিট আবেদন এখনও নিষ্পত্তি না হওয়ার পরও, খাগড়াছড়ি জেলা প্রশাসন উক্ত এলাকায় জমি অধিগ্রহণ করে এবং বিজিবি সদস্যরা গত ১৪ মে ২০১৪ ইং গভীর রাতে উক্ত জমি জোরপূর্বক নিজেদের দখলে নেয়। সেই পর থেকে বিজিবি সেখানে অবস্থান করছে।

অন্যদিকে, বিজিবি কর্তৃক গভীর রাতে জমি দখল করার পরদিন খাগড়াছড়ি জেলা প্রশাসনের একজন প্রতিনিধি সেখানে গিয়ে বেদখলকৃত জমির মালিকানা বিজিবিকে বুঝিয়ে দেন।

জেলা প্রশাসন ও বিজিবির এই বেআইনী কর্মকাণ্ডের বিরুদ্ধে দীঘিনালায় ব্যাপক প্রতিবাদ হয়েছে।

গত ১৯ মে দীঘিনালায় বিজিবির ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপন না করার দাবিতে এলাকার নির্বাচিত জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গসহ কয়েক হাজার নারী পুরুষ দীঘিনালা সদরে শান্তিপূর্ণ মানববন্ধন কর্মসূচী পালন করেন।

এরপর গত ২৭ মে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকগণসহ এলাকার জনগণ একই দাবিতে ইউএনও অফিসের সামনে অবস্থান ধর্মঘট ও প্রধানমন্ত্রী বরাবর একটি স্মারকলিপি পেশ করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।